



**মুন্সী মহিউদ্দিন**

**১৯৪৩ সালে**

**ফরিদপুর সদর উপজেলা**

মুন্সি মহিউদ্দিন ছিলেন একজন বিশিষ্ট চিত্র শিল্পী। রং আর তুলি নিয়ে ছিল তাঁর কারবার। ১৯৫৯ সালে ফরিদপুর জিলা স্কুল থেকে প্রবেশিকা পাশ করেন। অতঃপর রাজেন্দ্র কলেজে আই এস সি তে ভর্তি হন। ছোটকাল থেকেই লেখা ও আঁকার প্রতি ছিল প্রবল নেশা। তাই তিনি আইএসসি পড়া বাদ দিয়ে বাড়ী থেকে পালিয়ে ঢাকা চলে যান। অপরিচিত মহানগরীতে কোনক্রমে ঠাই করে নেন কোন এক শিল্পীর বাড়িতে। এরপর তিনি ভর্তি হন ঢাকা আর্ট কলেজে। তিনি ১৯৬৭ সালে সেখান থেকে বিএফ ডিগ্রী লাভ করেন। কর্মজীবনে তিনি বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানে উর্দ্ধতন কর্মকর্তা হিসাবে কর্মরত ছিলেন। এছাড়াও বিভিন্ন জাতীয় দৈনিকে দীর্ঘ তিনদশক ধরে লেখালেখি করেছেন। ‘এখন জোয়ার’, ‘কাঁচ ভাঙ্গা নদী’ তার উল্লেখযোগ্য উপন্যাস। তার লেখা ‘মরা গাঙ পোড়া ফসল’ চলচিত্রে চিত্রায়িত হয়। তিনি রাষ্ট্রীয় পুরস্কার প্রাপ্ত একজন কাহিনীকার হিসাবে সম্মানিত হয়েছেন। শেষ জীবনে তিনি দুরারোগ্য ক্যান্সারে আক্রান্ত হয়েছিলেন।